



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বেসরকারি মাধ্যমিক-২ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)



স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৩.৪১.১২০.১৭.৫০

তারিখ: ১৩ ফাল্গুন ১৪২৯  
২৬ ফেব্রুয়ারি ২০২৩


**বিষয়:** চট্টগ্রাম মহানগরীর কোতোয়ালী থানাধীন কাপাসগোলা সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মোহাম্মদ আলাউদ্দিন-এর বিরুদ্ধে যৌন হয়রানীর অভিযোগের বিষয়ে গঠিত তদন্ত কমিটির প্রতিবেদনের সুপারিশ অনুযায়ী কার্যক্রম গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে চট্টগ্রাম মহানগরীর কোতোয়ালী থানাধীন কাপাসগোলা সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মোহাম্মদ আলাউদ্দিন এর বিরুদ্ধে যৌন হয়রানীর অভিযোগের বিষয়ে বিষয়ে গঠিত তদন্ত কমিটির দাখিলকৃত নিম্নোক্ত সুপারিশ অনুযায়ী জরুরী ভিত্তিতে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**তদন্ত কমিটির সুপারিশ নিম্নরূপ :**

- (১) প্রধান শিক্ষক জনাব মোহাম্মদ আলাউদ্দিনের বিরুদ্ধে আনিত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমানিত হওয়ায় তার বিরুদ্ধে চট্টগ্রাম সিটি কর্পোরেশন আইন ও বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হলো।
- (২) প্রধান শিক্ষকের অনৈতিক ও জঘন্য কাজের সহযোগী হিসাবে নামজা আক্তার (আয়া), মো: এনামুল হক (কম্পিউটার অপারেটর), বিধান (পিয়ন) রত্না আক্তার (আয়া) এবং কাপাসগোলা সিটি কর্পোরেশন মহিলা কলেজের সহকারী অধ্যাপক জনাব এনামুলের হকের বিরুদ্ধে চট্টগ্রাম সিটি কর্পোরেশন আইন ও বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হলো।
- (৩) চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত সকল বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজে অগ্রাধিকার ভিত্তিতে মহিলা প্রতিষ্ঠান প্রধান নিয়োগ দেয়ার জন্য সুপারিশ করা।
- (৪) প্রধান শিক্ষকের সাথে অনৈতিক সম্পর্কে জড়িত জনৈক শিক্ষার্থীকে কাউন্সিলিং এর আওতায় নিয়ে এসে তার শিক্ষাজীবন সুনিশ্চিত করার জন্য সুপারিশ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

  
২৬/০২/২০২৩

মোঃ মিজানুর রহমান  
উপসচিব

ফোন: ০২-৫৫১০১০৩২

[nongovt.secondary.sec2@shed.gov.bd](mailto:nongovt.secondary.sec2@shed.gov.bd)

মহাপরিচালক  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
শিক্ষা ভবন, ঢাকা।

চলমান পাতা-০২


পাতা নং-০২

স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৩.৪১.১২০.১৭.৫০

তারিখ: ১৩ ফাল্গুন ১৪২৯  
২৬ ফেব্রুয়ারি ২০২৩

সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (মাধ্যমিক) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। জেলা শিক্ষা অফিসার, .....
- ৭। উপজেলা নির্বাহী অফিসার, .....
- ৮। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, .....
- ৯। অধ্যক্ষ/ প্রধান শিক্ষক .....
- ১০। অফিস কপি।

  
মোঃ মিজানুর রহমান  
উপসচিব